



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)  
Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা  
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/আরপি/ডিপি-২০২৪/পার্ট-১/২৫৫৩(২)

তারিখ: ১১/০৮/২০২৪

জনাব বিশ্বজিৎ বর্মণ  
জেলা কর্মকর্তা (নির্মাণ ও পরিবেশ)  
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)  
জেলা অফিস, কুড়িগ্রাম।

বিষয়: সতর্কীকরণ নোটিশ।

সূত্র: এসডিএফ/আরআর/প্রশাসন/২০২৪/৯৪৪, তারিখ: ৩০/০৬/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার আরইএলআই-০২নং দুর্গাপুর ক্লাস্টারে গ্রাম সমিতি পর্যায়ে অফিস ঘর নির্মাণ/অবকাঠামো কাজের কেনাকাটায় আর্থিক অনিয়মের অভিযোগের বিষয়ে তদন্তকালে প্রমাণিত হয়েছে যে, গ্রাম সমিতি পর্যায়ে মালামাল ক্রয়ে কমিউনিটি অপারেশনাল ম্যানুয়াল (কম) অনুসরণ করা হয়নি অর্থাৎ মালামাল ক্রয়ে প্রক্রিয়াক্রমিত ক্রয় (যেমন: কোটেশন সংগ্রহ, দরপত্র যাচাই, কার্যাদেশ প্রদান এবং মূল্য পরিশোধ) পরিলক্ষিত হয়েছে। ফলশ্রুতিতে উল্লিখিত ক্লাস্টারে গ্রাম সমিতির অবকাঠামো কাজে কিছু পণ্য ক্রয়ে বেশি অর্থ ব্যয় হয়েছে যা অনাকাঙ্ক্ষিত। জেলা পর্যায়ে একটি দায়িত্বশীল পদে থেকে অবকাঠামো নির্মাণজনিত এরূপ অনিয়ম তাঁর দুর্বল তদারিক ও দায়িত্বহীনতার কারণেই সংঘটিত হয়েছে।

তাঁর এহেন অপেশাদারসুলভ আচরণ, 'কম' এর নীতিমালা লঙ্ঘন, দায়িত্ব পালনে অবহেলা, দুর্বল তদারিকি, প্রয়োজনীয় দিকনির্দেশনা ও সহযোগিতার অভাবে প্রকল্প বাস্তবায়ন বাধাগ্রস্ত হয়েছে, যা গুরুতর শাস্তিযোগ্য অপরাধ। তাঁর দ্বারা সম্পাদিত এ ধরনের উল্লিখিত কার্যকলাপের জন্য তাঁকে শেষবারের মত সতর্ক করা হলো। ভবিষ্যতে তাঁর দ্বারা কোন নিয়ম বহির্ভূত কর্মকাণ্ড সংগঠিত হলে তাঁর বিরুদ্ধে অধিকতর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ পত্রজারি করা হলো।

*Rahman*  
১১-০৮-২৪

এস. এম. তওফিকুর রহমান  
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ  
এসডিএফ।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাপ গ্রহণের জন্য):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ, ঢাকা।
- ২) আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), এসডিএফ, রংপুর।
- ৩) জেলা ব্যবস্থাপক, এসডিএফ, কুড়িগ্রাম।
- ৪) অফিস নথি।